



## মাননীয় ও প্রিয় প্রাক্তনী,

অত্যন্ত আনন্দের সঙ্গে জানাই যে আমাদের প্রিয় কলেজ রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির তার ৭৫ বছর পূর্তির মাইলফলক ছুঁতে চলেছে। স্বামী বিবেকানন্দের স্বপ্নসম্ভূত এই প্রতিষ্ঠান আজ পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের অন্যতম একটি গুরুত্বপূর্ণ ও সফল উচ্চশিক্ষাপ্রতিষ্ঠান রূপে স্বীকৃত। বিদ্যামন্দিরের বিবর্তনশীল ইতিহাসের এই মাহেন্দ্রলগ্নে আমরা তার ৭৫ বর্ষপূর্তি উৎসব তথা প্ল্যাটিনাম জয়ন্তী উদ্‌যাপন করতে চলেছি। প্রসঙ্গত স্মরণীয়, যে রামকৃষ্ণ মিশন সারদাপীঠের প্রথম ইউনিট হিসেবে বিদ্যামন্দিরের সূচনা, সেই সারদাপীঠেরও ৭৫ বছর পূর্ণ হতে চলেছে। বিদ্যামন্দিরের পরে এর অধীনে শুরু হয়েছে অন্যান্য শিক্ষাবিভাগগুলি। আমরা এরও একটি ইতিহাস রচনা করতে চলেছি।

তাই আগামী ৪ জুলাই ২০১৬ থেকে বর্ষব্যাপী প্ল্যাটিনাম জয়ন্তী উদ্‌যাপন করা হবে ৪ জুলাই ২০১৭ পর্যন্ত। এই উপলক্ষে বিদ্যামন্দির-পরিবার মুখ্যত যে অনুষ্ঠানসমূহ করার সিদ্ধান্ত নিয়েছে (সেগুলি হল ঃ ক) ৪ জুলাই ২০১৬-তে প্ল্যাটিনাম জয়ন্তী উদ্‌বোধন অনুষ্ঠান, খ) বিদ্যামন্দিরে পড়ানো হয় এমন প্রতিটি বিষয়ের উপর পৃথকভাবে একদিবসীয় আলোচনাচক্র, গ) প্ল্যাটিনাম জয়ন্তী স্মারক পুনর্মিলন উৎসব (প্রাক্তনী সংসদের সঙ্গে যৌথ উদ্যোগে), ঘ) একটি প্ল্যাটিনাম জয়ন্তী স্মারক গ্রন্থসহ আরো কিছু গবেষণাধর্মী, সাহিত্যধর্মী ও স্মৃতিচারণাধর্মী প্রকাশনা, ঙ) কিছু ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান, চ) যুব উৎসব ইত্যাদি। এর মধ্যে কিছু অনুষ্ঠান করা হবে সারদাপীঠের সঙ্গে যৌথ উদ্যোগে। এই সমস্ত অনুষ্ঠানের জন্যে আনুমানিক খরচ ধরা হয়েছে প্রায় ৫০ লক্ষ টাকা। আমরা রাজ্য সরকারের কাছে আর্থিক সাহায্যের জন্যে যেমন আবেদন করছি, তেমনি আবেদন করছি আপনাদের কাছেও। আমরা জানি যে বিদ্যামন্দিরের বহু ছাত্র স্ব স্ব ক্ষেত্রে আজ প্রতিষ্ঠিত। বিদ্যামন্দির তার অগ্রগতির এই ঐতিহাসিক মুহূর্তে সেই বিপুল সংখ্যক উজ্জ্বল প্রাক্তনীর কাছে উপরিউক্ত অনুষ্ঠানসমূহ সফল করার জন্যে আর্থিক অনুদানে এগিয়ে আসতে আহ্বান জানাচ্ছে।

প্রসঙ্গত জানাই যে বিদ্যামন্দিরের প্ল্যাটিনাম জয়ন্তীকে স্মরণে রেখেই আমরা কয়েকটি স্থায়ী তহবিল গঠনের সিদ্ধান্ত নিয়েছি, যেগুলি হল ঃ ক) স্বামী বিবেকানন্দ রিসার্চ সেন্টার তহবিল, খ) বিদ্যামন্দিরের বাড়িঘর ও গবেষণাগারের যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণের জন্যে তহবিল, গ) দরিদ্র ছাত্রদের পড়াশুনা ও চিকিৎসার জন্যে তহবিল, ঘ) বিদ্যামন্দিরের অ-সরকারী কর্মচারীদের জন্যে একটি কর্মী-কল্যাণ তহবিল। এই তহবিলগুলি গঠনের কাজে এগিয়ে আসতেও আপনাদের কাছে সনির্বন্ধ অনুরোধ জানাই।

এই উপলক্ষে যাবতীয় দান ভারতীয় আয়কর আইনের ৮০জি ধারায় আয়কর মুক্ত। চেক বা ড্রাফট মারফত আপনার অনুদান পাঠাতে পারেন। অনুদান পাঠানোর সময় অনুগ্রহ করে লিখে দেবেন ঃ ‘প্ল্যাটিনাম জয়ন্তী সংক্রান্ত দান’ অথবা ‘স্থায়ী তহবিল (তহবিলের নামটি লিখে) সংক্রান্ত দান’। সঙ্গে একটি সংক্ষিপ্ত চিঠিতে অবশ্যই আপনার নাম, ঠিকানা, টেলিফোন নাম্বার এবং PAN লিখে দেবেন। সরাসরি ব্যাঙ্কে ট্রান্সফার করতেও পারেন। তার জন্যে আমাদের কলেজ ওয়েবসাইট ([www.vidyamandira.ac.in](http://www.vidyamandira.ac.in)) দেখুন। এই সংক্রান্ত যেকোন প্রশ্নের জন্যে নিম্নলিখিত সন্ন্যাসীদের সঙ্গে যোগাযোগ করতে পারেন ঃ ১) স্বামী শান্তজ্ঞানন্দ বা সঞ্জীব মহারাজ (৯৪৩২০৯০৮৮৯), ২) স্বামী একচিত্তানন্দ বা ভার্গব মহারাজ (৯৪৭৭৫১৩৬৮৭), ৩) স্বামী অরুণাত্মানন্দ বা সৌমেন মহারাজ (৯৪৭৭০৫০৬৭৭), ৪) স্বামী মহামেধানন্দ বা বিনয় মহারাজ (৯০৮৮০৬৬৭৮৪)।

[ সরাসরি ব্যাঙ্ক-ট্রান্সফারের জন্যে প্রয়োজনীয় তথ্য ঃ United Bank of India, Belur Math Branch, (Tel : 033-2654-5673), RTGS enabled SB Account, Bank Account Number : 0365010099642, IFSC Code : UTBI0BEM958, MICR Code : 700027017 ; সরাসরি ব্যাঙ্কে অনুদান পাঠালে বিদ্যামন্দিরের ই-মেলে ঠিকানা, PAN ও অনুদানের উদ্দেশ্য-সহ একটি ই-মেল পাঠাতে হবে। ]

স্বামী শান্তজ্ঞানন্দ  
অধ্যক্ষ

স্বামী দিব্যানন্দ  
সম্পাদক

বিদ্যামন্দির, ১১ সেপ্টেম্বর ২০১৫

(Ramakrishna Mission Vidyamandira, Belur Math, Howrah. email : [vidyamandira@gmail.com](mailto:vidyamandira@gmail.com))